



EIIN NO: 134670



অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

বিমানবন্দর রোড, শালবাগান রাজশাহী-৬২০৩

স্থাপিত: ২০১০ খ্রি. সরকারিকরণ: ১৮/০৯/২০১৭ খ্রি.

☎ ০১৩০৯-১৩৪৬৭০ E-mail- principal2.rebmsc@gmail.com

web:www.rebmsc.edu.bd



বিদ্যালয় কোড: ২৪০০


কলেজ কোড: ১৭০১

তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বিভাগীয় প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী কর্তৃক আয়োজিত রাজশাহী বিভাগীয় বই মেলা উপলক্ষ্যে রচনা, চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নে সংযোজিত পত্র অনুসারে অংশগ্রহণ করতে বলা হলো।

সংযুক্তি: বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী কর্তৃক প্রেরিত পত্র।


১০/০৯/২০২৩

অধ্যক্ষ

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।



বাংলাদেশ শিশু একাডেমি

সার্কিট হাউজ রোড, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫০৪০৩ bsarajshahi@gmail.com

আবৃত্তি
সংস্কৃতি বিষয়ক

তারিখ- ০৫/০৯/২০২৩খ্রি.

০৭/০৯/২৩

স্মারক নং- বিএসএ/রাজ/২০২৩-২৪/২১(১০০)

বিষয় : 'রাজশাহী বিভাগীয় বইমেলা' উপলক্ষ্যে শিশু ও কিশোরদের রচনা, চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতা প্রসঙ্গে।
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায়, রাজশাহী বিভাগীয় প্রশাসনের ব্যবস্থাপনায়, জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত আগামী ৯-১৫ সেপ্টেম্বর রাজশাহী কলেজ মাঠে 'রাজশাহী বিভাগীয় বইমেলা' ২০২৩ উপলক্ষ্যে বিভাগীয় প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বিভাগ	রচনার বিষয়	শব্দ সংখ্যা
ক বিভাগ : ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	৭০০ শব্দের মধ্যে
খ বিভাগ : একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত	মানুষের অধিকার প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর স্বপ্ন ও সংগ্রাম	১০০০ শব্দের মধ্যে

- শর্তাবলী (১) রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতিটি পাতায় এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
(২) প্রত্যেক প্রতিযোগীকে নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
(৩) ১২ সেপ্টেম্বর ২০২৩ বেলা ৪:০০ টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী কার্যালয়ে জমা দেওয়া যাবে।

তারিখ ও সময়	চিত্রাংকন প্রতিযোগিতার বিভাগ, বিষয় ও মাধ্যম			বাংলাদেশ শিশু একাডেমির মিলনায়তন
	ক্র.	চিত্রাংকন প্রতিযোগিতার বিভাগ	চিত্রাংকনের বিষয়	
১২.০৯.২০২৩ মঙ্গলবার বিকাল ৪:০০টা থেকে ৫:১৫ টা পর্যন্ত	১.	ক : ১ম শ্রেণি পর্যন্ত	ইচ্ছেমতো	উন্মুক্ত
	২.	খ : ২য় থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	জল রং/ প্যাস্টেল রং
	৩.	গ : ৫ম থেকে ৭ম শ্রেণি পর্যন্ত	বঙ্গবন্ধুর স্বপ্ন ও সংগ্রাম	

চিত্রাংকন প্রতিযোগিতার কার্টিজ পেপার কর্তৃপক্ষ সরবরাহ করবে, অন্যান্য উপকরণ প্রতিযোগীদের সংগে আনতে হবে এবং প্রতিযোগিতা স্থলে কমপক্ষে আধঘন্টা পূর্বে উপস্থিত থাকতে হবে।

চিত্রাংকন ও সৃজন বিষয়ের ৪:০০ টা থেকে ৫:১৫ টা পর্যন্ত প্রশিক্ষণ ক্লাসের পরিবর্তে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অন্যান্য সকল ক্লাস অপরিবর্তিত থাকবে।

এবং ১৩ই সেপ্টেম্বর ২০২৩ সকাল ১১.৩০ ঘটিকায় 'রাজশাহী বিভাগীয় বইমেলা' ২০২৩ এর রাজশাহী কলেজ মাঠে দুইটি বিভাগে (৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত) শিশুদের কবিতা আবৃত্তি প্রতিযোগিতা।

আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিযোগীদের আগামী ১২.০৯.২০২৩ তারিখের মধ্যে নাম বাংলাদেশ শিশু একাডেমি অথবা বইমেলা প্রাঙ্গণে শিশু একাডেমির স্টলে তালিকাভুক্ত করা যাবে। প্রতিযোগিতায় বিজয়ীদের আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ শুক্রবার বেলা ৩.০০ টায় বিভাগীয় বইমেলা রাজশাহী কলেজ মাঠে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রচনা, চিত্রাংকন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় যাতে অধিক সংখ্যক শিশু অংশগ্রহণ করতে পারে সেজন্যে আপনার সহযোগিতা কামনা করছি।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সভাপতি/ সম্পাদক

০৫.০৯.২০২৩

মো. মন্জুর কাদের

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী

অনুলিপিঃ সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল। (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

- ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
- ৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, রাজশাহী (কার্যার্থে)
- ৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (কার্যার্থে)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (কার্যার্থে)
- ৭। জনাব মো: আব্দুর রোকন মাসুম, সিনিয়র সহকারী শিক্ষক, অগ্রণী স্কুল এন্ড কলেজ, রাজশাহী
- ৮। অফিস নথি।